# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ১৩ এপ্রিল, ২০১৪ |
| সময় | ঃ | সকাল ০৯-৩০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ০৪ মার্চ, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৪ মার্চ, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি, ২০১৪ মাসে গৃহকর বাবদ ৬,৫০,০২১.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৫,৩৭,৭০৪.০০ টাকা আদায় হয়েছে এবং মার্চ, ২০১৪ মাসে গৃহকর বাবদ ১১,৭৫,৬৫০.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২৬৩৯৫৮.০০ টাকা আদায় হয়েছে। মার্চ, ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ৬,১৪,৩৮৭,৭২৭/- টাকা যা মোট দাবীর ৮৩.৮০%। আদায়ের হার সন্তোষজনক।

আলোচ্যসূচী-৩ঃ ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ফেব্রুয়ারি ও মার্চ, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ মার্চ, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মার্চ, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#৫৬, রোড#৭, ফ্ল্যাট#৫/এ (৫ম তলা দক্ষিণ-পূর্ব পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন (জনাব ইকবাল ইলিয়াস সামি গং এর নিযুক্তীয় আম-মোক্তার) ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেট লিঃ, বাড়ী#১৫১, লেন#৪, ইস্টার্ণ রোড, মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬ তাং-০৯/১০/২০১৩ | মোসাঃ খোদেজা বেগম, স্বামী- মরহুম মকবুল আহমেদ, ৯৯২/১, দক্ষিণ ইব্রাহিমপুর, পোঃ- ঢাকা ক্যান্টনমেন্ট, থানা- কাফরুল। | নং-২৩.০৫.৫০১.৩০০. ১০.০২৯.০১.২০.০২. ১৪, তাং-২৩/২/২০১৪ ইং | ফ্ল্যাটের আয়তন-২০২০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ)<br>বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত<br>অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটের প্রস্তাবিত ক্রেতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | বাড়ী#৪৩/এ, ফ্ল্যাট#এস/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ পার্শ্ব), রোড#৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | উত্তরাধিকারীদের মধ্যে রেজিস্ট্রিকৃত আপোষ বন্টননামা মূলে | তৌহিদুল আনোয়ার, পিতা- মরহুম ডাঃ আনোয়ার হোসেন, মাতা- মরহুমা বেগম লায়লা আনোয়ার, বাড়ী#৪৩/এ, ফ্ল্যাট#এস/৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ পার্শ্ব), রোড#৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৬/১/২০১৪ | - | তাং- ২৪/১২/২০১৩ নং- ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/প্লট নং- ৪৩/এ/১৫১ | ফ্ল্যাটের আয়তন-২০০০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ)<br>বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত<br>অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটের উত্তরাধিকারীদের রেজিস্ট্রিকৃত বন্টননামা দলিল মূলে তৌহিদুল আনোয়ার, পিতা- মরহুম ডাঃ আনোয়ার হোসেন, মাতা- মরহুমা বেগম লায়লা আনোয়ার এর নামে নামজারী/রেকর্ড সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬০/বি নং প্লটের অভ্যন্তর হতে ৮.৫০ কাঠা জমির পাওয়ার অব এটর্নি গ্রহণ, প্লট বিভাজন ও ডাঃ জাহাঙ্গীর কবির এর অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে জনাব হারুন রশীদ এর রেজিস্ট্রিকৃত নিযুক্তীয় আম-মোক্তার ডাঃ সুফিয়া খাতুন এর ০৭/৪/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২.০০ একর জমি বিশিষ্ট ৬০/বি নং প্লটটি ১৯৬৫ সালে জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড এর নিকট ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রিমিয়ামে ৯৯ বছরের জন্য ইজারা প্রদান করা হয়। রেকর্ড পর্যালোচনায় দেখা যায় উক্ত ২.০০ একর জমি হতে জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড ৮.৫০ কাঠা জমি ০২/৮/২০০৬ তারিখের রেজিস্ট্রিকৃত ১৭৩৮২ নং দলিলে ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির এর নিকট বিক্রয় করার জন্য চুক্তিপত্র করেন। অতঃপর ২/৮/২০০৬ তারিখের ১৭৩৮৩ নং রেজিস্ট্রিকৃত দলিলে ডাঃ সুফিয়া খাতুন, স্বামী-ডাঃ মোঃ জাহাঙ্গীর কবির-কে জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব হারুন রশিদ অখন্ডনীয় আম-মোক্তার নিয়োগ করেন। উল্লেখ্য যে, জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব হারুন রশিদ ২৭/৯/২০১২ তারিখের আবেদনে ৮.৫০ কাঠা জমি জনাব জাহাঙ্গীর কবির এর নিকট বিক্রয় করার জন্য প্লট বিভাজন ও বিক্রয় অনুমতি চেয়ে অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২৯/৯/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/ প্লট নং-৬০/বি/২০ নং পত্রে বিষয়টি সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করা হলে বর্ণিত ৮.৫০ কাঠা জমি ডাঃ জাহাঙ্গীর কবির এর অনুকূলে বিক্রয়/হস্তান্তর করার নিমিত্তে ১৪/১/২০১৩ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৪.০১.১৩ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব হারুন রশিদ তাঁর আবেদনের সাথে উক্ত কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরের ৮/৫/২০০৬ তারিখের সভায় তাঁকে উল্লেখিত জমি বিক্রয়/হস্তান্তরের ক্ষমতা অর্পনের সিদ্ধান্তের কপি দাখিল করেছেন। এ বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি তাঁর আইনগত মতামতে জানান যে, উল্লিখিত জমি হস্তান্তরে কোন আইনগত বাধা নেই। বিস্তারিত পর্যালোচনান্তে আলোচ্য জায়গাটি জেনারেল আয়রন এন্ড স্টীল কোম্পানী (ঢাকা) লিমিটেড-কে লিজ দেয়া হয়েছিল বিধায় উল্লিখিত জমি ব্যক্তি মালিকানায় হস্তান্তরের এবং বিভাজনের বিষয়ে আইন-কানুন পরীক্ষা-নিরীক্ষা করে আইন উপদেষ্টার মতামতসহ পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ডেভলোপার এ জি এম এসোসিয়েটস্ লিঃ এর জমাকৃত জামানত ফেরত প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে উল্লেখ্য যে, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৩/৩/২০১৪ তারিখের এমইও/সিসি/এলসি/ডিওএইচএস/৩৪/০৭/৪৯৭/১৫ নং পত্রের মাধ্যমে অনাপত্তি ছাড়পত্র প্রদান করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির আলোচনায় জানা যায় যে, এ জি এম এসোসিয়েটস্ লিমিটেড কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকার ৪৯৭ নং বাড়ীর নির্মাণ কাজ যথাযথভাবে সম্পন্ন করেছেন। এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৩/৩/২০১৪ তারিখের এমইও/সিসি/এলসি/ডিওএইচএস/৩৪/০৭/৪৯৭/১৫ নং পত্রে উক্ত ডেভেলোপার প্রতিষ্ঠান সম্পর্কে প্লট মালিক/ক্রেতাদের কোন অভিযোগ নাই মর্মে অত্র দপ্তরকে অবহিত করা হয়েছে বিধায় সংশ্লিষ্ট ডেভলোপার এর নিরাপত্তা জামানত বাবদ জমাকৃত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত ১১৪৫টি রিকশা নম্বর প্লেট (পুরানো ৪০০টি রংকরণ এবং নতুন ৭৪৫টি) তৈরীর নিমিত্তে মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ কর্তৃক প্রদত্ত ৪৩,৯৮০/- (তেতাল্লিশ হাজার নয়শত আশি) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত ১১৪৫টি রিকশা নম্বর প্লেট (পুরানো ৪০০টি রংকরণ এবং নতুন ৭৪৫টি) তৈরীর নিমিত্তে মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ কর্তৃক প্রদত্ত ৪৩,৯৮০/- (তেতাল্লিশ হাজার নয়শত আশি) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। রাজস্ব শাখার নৈমিত্তিক খাত হতে উক্ত কাজের যাবতীয় ব্যয় সংকুলান করতে হবে। ক্যান্টনমেন্ট বোর্ডের লাইসেন্স বিহীন রিকশা যাতে সেনানিবাসের অভ্যন্তরে চলাচল করতে না পারে সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য এমপি ইউনিটকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ মহাখালী ডিওএইচএস এর ৪৪৬(পশ্চিমাংশ) নং প্লট বাড়ী নির্মাণ কাজের সময়সীমা বর্ধিত করণের বিষয়ে জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এর ১৮ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী ডিওএইচএস এর ৪৪৬ নং প্লটের পশ্চিমাংশের ২০০ বর্গগজ জমিতে নির্মিত ভবনের ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের নিমিত্তে অত্র দপ্তরের ০৭ মার্চ, ২০১৩ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৪৬(পশ্চিমাংশ)/ডিওএইচএস মহাখালী/১০৪ নং পত্রের মাধ্যমে সংশোধিত নকশা অনুমোদন করা হয়। অনুমোদিত নকশার শর্ত মোতাবেক নকশা অনুমোদনের তারিখ হতে ১২ মাসের মধ্যে নির্মাণ কাজ শেষ করার কথা। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করতে না পারায় উক্ত প্লটের বরাদ্দলাভকারী জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম আরো ০১(এক) বছর সময় বৃদ্ধি করার অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এর ৪৪৬(পশ্চিমাংশ) নং প্লটে বাড়ী নির্মাণ কাজের সময়সীমা ০৬ মার্চ, ২০১৪ তারিখ হতে ০৭ মার্চ, ২০১৫ তারিখ পর্যন্ত ০১(এক) বছর বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর মোঃ সামছুল আমিন (অবঃ) | ২১৬ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২। | (ক) কর্ণেল মোঃ সিদ্দিকুর রহমান (অবঃ)<br>(খ)মেজর দিলরুবা শওকত আরা ইয়াসমিন (অবঃ) | ৪৩৯ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৩। | লেঃ কর্ণেল (অবঃ) আবুল বাশার | ৫৯৮ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | উইং কমান্ডার মোঃ মাহফুজুর রহমান (অবঃ) | ৭৯১ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৫। | মোছাঃ আকলিমা খাতুন (রেবা) | ৮৫৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৬। | লেঃ কর্ণেল ওয়াহিদুজ্জামান | ১০৮৪ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আব্দুল মইন | ১১০৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৮। | ব্রিগেঃ জেনাঃ তামিম আহমেদ চৌধুরী, এনডিসি, পিএসসি | ১১৯২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৯। | উইং কমান্ডার মাহমুদুল ইসলাম, পিএসসি (অবঃ) | ১২০৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১০। | ব্রিগেঃ জেনাঃ এস এম মোতাহার হোসেন | ১২৮৫ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ১১। | মেজর মোঃ আজিজুর রহমান (অবঃ) | ১৩৫৪ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১২। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আলমগীর (অবঃ) | ১৩৬১ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১৩। | সামিমা ইউনুস গং | ২১৯ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (পুরাতন তিন তলা ভবন ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ) |
| ১৪। | মেজর জেনাঃ কে এম আব্দুল ওয়াহেদ, পিএসসি (অবঃ) | ২৭৬ | মহাখালী ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (পুরাতন তিন তলা ভবন ভেঙ্গে নতুন ০৭ তলা ভবন নির্মাণ) |
| ১৫। | ব্রিগেঃ জেনাঃ মোহাম্মদ আলী মন্ডল | ১৭১ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ১৬। | মিসেস রওসন আরা কুদ্দুস | ৩২০ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণ) |
| ১৭। | মোঃ আফতাব উদ্দিন আহমেদ | সিবি-২৪৮ | কচুক্ষেত পুরান বাজার | | নতুন ০৬ তলা ভবন |
| ১৮। | মিসেস পিয়ারা বেগম গং | সিবি-১৭৭ | কচুক্ষেত পুরান বাজার | | নতুন ০৫ তলা ভবন |
| ১৯। | মাহমুদুর রহমান (বাবু) | সিএস-১০২ মৌজা-লালাসরাই | কচুক্ষেত পুরান বাজার | | নতুন ০৭ তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ হতে ১২ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১২টি প্লট, ক্রমিক নং-১৩ থেকে ১৪ এ বর্ণিত বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ২টি প্লট, ক্রমিক নং-১৫ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ০১টি এবং ক্রমিক নং-১৭ থেকে ১৯ এ বর্ণিত ৩টি প্লটসহ মোট ১৮টি প্লটে ০৫(পাঁচ)/০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১৬ এ উল্লেখিত বারিধারা ডিওএইচএস এর ৩২০ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | বনানী সামরিক কবরস্থানের দক্ষিণ দিকে ০৫টি লেইন নির্মাণসহ পেভড টাইলস্ স্থাপন ও লেইন নং-২০, ২১, ২২ ও ২৩, কার পার্কিয়ে এবং বাউন্ডারী ওয়ালের পার্শ্বে ২৭টি জিআই পোল দ্বারা নিরাপত্তা বাতি সরবরাহ ও স্থাপন কাজ। | ৩৫,৯০,৫৭৬/- | বোর্ডের স্থানীয় আয় |

| | | | |
|---|---|---|---|
| ২। | শহীদ আনোয়ার চৌরাস্তার পশ্চিমে ০১টি ট্রাফিক পোষ্ট গাড়ী দূর্ঘটনায় ভেঙ্গে যাওয়ায় তা মেরামত কাজ। | ৩০,০০০/- | রাস্তা-ঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘ-২-খ) |
| ৩। | রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ট্রাফিক সিগন্যাল সিস্টেমের কন্ট্রোলার নষ্ট হওয়ায় তা পরিবর্তন করে নতুন কন্ট্রোলার স্থাপন কাজ। | ১,৭৯,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | শহীদ আনোয়ার চৌরাস্তার দক্ষিণে ০১টি ট্রাফিক পোষ্ট গাড়ী দূর্ঘটনায় ভেঙ্গে যাওয়ায় তা মেরামতকরণ কাজ। | ৫৫,০০০/- | রাস্তা-ঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘ-২-খ) |
| ৫। | বনানী ডিওএইচএস এলাকার ২, ৩, ৫ ও ৬ নং রোডের ড্রেনের ঢাল (slope) ঠিক করণের জন্য ড্রেনের সংস্কার ও মেরামত ও রোড নং-১, ৬/বি, ৪/এ এবং ডিওএইচএস রোডের ড্রেনের দেয়াল উঁচুকরণ কাজ। | ৮,৫৮,৬৫৪/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | বনানী ডিওএইচএস এর রোড নং-৪/বি প্রশস্তকরণসহ কার্পেটিং কাজকরণ। | ১৩,৫৪,৮৩৮/- | -ঐ- |
| ৭। | বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ন রোড, ওয়েস্টার্ণ রোড ও ওয়াকওয়ের নিচের ড্রেন পরিস্কার ও আরসিসি স্লাব নির্মাণ কাজ। | ২,৬৫,৪৫০/- | -ঐ- |
| ৮। | ২৫ ও ২৬ ফেব্রুয়ারি তৎকালীন বিডিআরে শহীদ সেনা কর্মকর্তাদের সরণে বনানী সামরিক কবরস্থানে কবর সংস্কারের জন্য ভিটি মাটি সরবরাহ ও অন্যান্য কাজ। | ৩২,০৭২/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| ৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার ভবন নং-৪৮এ হতে দক্ষিণ দিকে রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৯১,৬৬০/- | রাস্তা-ঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঘ-২-খ) |
| ১০। | মুসলিম মডার্ণ একাডেমীর বাৎসরিক মেরামত রক্ষনাবেক্ষণ ও রং/চুন কাজ। | ৩,৬০,২৪৯/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |
| ১১। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ (নিচতলা) নং (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের ডুপ্লেক্স বাসস্থান) বাসা মেরামত, রংকরণ ও সংস্কার কাজ। | ১,০৫,৬২৮/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |
| ১২। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ (২য় তলা) নং (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের ডুপ্লেক্স বাসস্থান) বাসা মেরামত, রংকরণ ও সংস্কার কাজ। | ১,০৯,২৭৪/৮৮ | -ঐ- |
| ১৩। | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ৬৮/এ নং (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের ডুপ্লেক্স বাসস্থান) ভবনের বাহির সাইড, বাউন্ডারী ওয়াল, গ্রীল, কলাপসিবল গেইট ওয়েদারকোট ও রংকরণ কাজ। | ৮৪,৮৩৯/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |
| ১৪। | ক্যান্টনমেন্ট আবসিক এলাকার অরনিমা ফিলিং স্টেশনের সম্মুখ হতে উত্তর দিকে এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ মেরামত ও কার্পেটিং কাজ। | ৩,০৪,০৮১/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৫। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বিভিন্ন রুমে গ্লাসসহ থাইফ্রেম, নেটফ্রেম ফরেষ্টেট পেপার, এসএস পাইপ সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৬৮,৫২০/- | -ঐ- |
| ১৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/সি, ১/সি (মুসলিম মডার্ণ স্কুল সংলগ্ন স্টাফ কোয়ার্টার) টয়লেট মেরামত ও জানালার বক্স গ্রীল স্থাপন ও ৪৮/এ সেপটিক ট্যাংক পরিস্কারকরণ কাজ। | ১,৩৭,০০৩/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ খাত |
| ১৭। | ১৩ এমপি ইউনিট এর চাহিদা অনুযায়ী ইউনিটের প্রধান গেটের জন্য ২০টি ফুলের টব, রিফ্লেকটিভ টেপ এবং লাইলনের রশি সরবরাহ ও স্থাপন কাজ। | ১,৩২,৬৫০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ১৮। | টি-২০ বিশ্বকাপ ক্রিকেট টুর্নামেন্ট-২০১৪ উপলক্ষ্যে স্বাধীনতা সরণির উভয় পার্শ্বে সৌন্দর্য বর্ধনের নিমিত্তে রং ও চুন কাজকরন। | ১,৮৯,৬৪২/- | -ঐ- |
| ১৯। | জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট শাখার সংস্কার ও মেরামত কাজ। | ২৫,৮২৩/- | -ঐ- |
| ২০। | ঢাকা সেনানিবাসের জরুরী ভিত্তিতে ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী সিমেন্টের তৈরী আরসিসি রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০০,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ২১। | ঢাকা সেনানিবাসের জরুরী ভিত্তিতে আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী শহীদ সরণির শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার সভয় পার্শ্বে গতিসীমা ৪০/৫০ লিমিট মার্কিংকরণ এবং প্লাষ্টিক রোড ডিভাইডার, হানিকম্ব টেপ ও সিমেন্টের রিং ব্লক সরবরাহ ও স্থাপন কাজ। | ৮,৭৭,৫৪৩/৮০ | বোর্ডের স্থানীয় আয় |
| ২২। | মিরপুর ডিওএইচএস এর প্লট নং ৬৯৮ ও ৬৯৭ এর পূর্ব পার্শ্বে কাটা তারের বেড়া স্থাপন কাজ। | ১,০৬,৮০২/- | মিরপুর ডিওএইচএস বিবিধ তহবিল |
| ২৩। | শহীদ বেলায়েত রোড অফিসার্স আবাসিক এলাকায় ০১টি ডাস্টবিন নির্মাণ। | ৯১,১২৯/- | আর্মি কঞ্জারভেন্সী খাত |
| ২৪। | মহাখালী ডিওএইচএস এলাকার ২২ ও ২৩ নং রোডের সংযোগ সড়কে ক্ষতিগ্রস্থ ড্রেন ও রাস্তার অংশ বিশেষ মেরামত। | ৭৩,৩৯৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ২৫। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বিদ্যমান সিসি ক্যামেরা সিস্টেমের সাথে আরো ৪টি ক্যামেরা সংযুক্তকরণ। | ৯৩,০০০/- | নৈমিত্তিক খাত |
| ২৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার রোড নং-১১ এর সামনে ফুটপাত নির্মাণ। | ৯,৭৬,২৭৩/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২৭। | শহীদ সরণির হাজী সরণির বিএনএস হাজী মহসিন হতে অগ্রণী ব্যাংক (জাহাঙ্গীর গেইট) পর্যন্ত রাস্তার পূর্ব পার্শ্বে রিকশা লেন মেরামত/সংস্কারকরণ কাজ। | ২২,৪৪,৫৬৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২৮। | কঞ্জারভেন্সীর উদ্যান শাখার জন্য নতুন ঘাস কাটার মেশিন (ব্যাকপ্যাক), ট্রলী ও ব্যাকপ্যাক মেশিনের ফিতা ও বাটি ক্রয়। | ১,০৬,৮০০/- | উদ্যান শাখার নৈমিত্তিক খাত |
| ২৯। | (ক) মিরপুর সেনানিবাসের এমআইএসটি এবং মিরপুর হলের সম্মুখে বাকি অংশের ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণসহ পেভ টাইলস্ স্থাপন কাজ। | ১২,৫৯,০৯১/- | বোর্ডের স্থানীয় আয় (এমআইএসটি'র ০২/৪/২০১৪ তারিখের ১৫৬/৯/এসসিসি/ কিউ নং পত্রের প্রেক্ষিতে) |

| | | | |
|---|---|---|---|
| | (খ) মিরপুর সেনানিবাসের এমআইএসটি এবং মিরপুর হলের সম্মুখে বাকি অংশের ড্রেনের উপর আরসিসি স্ল্যাব এক পার্শ্বে এস এস পাইপের রেলিং নির্মাণ। | ১০,২১,৬৩৪/- | বোর্ডের স্থানীয় আয় [এমআইএসটি'র ০২/৪/২০১৪ তারিখের ১৫৬/৯/এসসিসি/ কিউ নং পত্রের প্রেক্ষিতে] |
| ৩০। | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী স্কুলের বাৎসরিক মেরামত ও সংস্কার কাজ। | ২,৯৮,৮৭২/- | বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৩১। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের মাঠে বালি ভরাটসহ স্কুল এলাকার পানি নিষ্কাশনের জন্য ড্রেন তৈরী, সংস্কার ও পাইপ লাইন স্থাপন কাজ। | ৮,০৪,১৪৫/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৩২। | শহীদ সরণির বিজয় কেতন এর সম্মুখে ট্রাফিক নির্দেশাবলী সম্বলিত ওভারহেড বোর্ড স্থাপন কাজ। | ১০,৩০,৪৮০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৩৩। | বিএএফ বেস বাসার তেজগাঁওস্থ অফিসার্স আবাসিক এলাকায় শিশুপার্কে খেলনা সামগ্রী সংযোজন। | ২৭,৫২,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৮, ১০, ১১, ১২, ১৩, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২৩, ২৪, ২৫, ২৮ ও ৩০ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের বারান্দার জানালার সিল উঁচুকরণ কাজ। | ৩৬,০২৮/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৩৭,৭৯৩/৩৭ | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| ২। | ঢাকা সেনানিবাসের ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের ৯৪ নং ভবন সংলগ্ন পানির লাইন মেরামত কাজ। | ৪৫,১৪৬/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৪৭,১৫৫/- | -ঐ- |
| ৩। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তার চেম্বারসহ সংস্কার ও মেরামত এবং নতুন ও পুরাতন ভবনের সংযোগ সেতু নির্মাণ কাজ। | ৮৭,২৬,৮৬৬/- | মেসার্স এ আর কনসালটেন্ট | ৮৭,২৫,১৬৫/৯১ | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৪/ডি (২য় তলা পূর্ব পার্শ্ব) মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ। | ৭৯,৩৩৬/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৮২,৯০৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৫। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-১০ মেরামত ও রক্ষনাবেক্ষণ কাজ। | ৫৫,৮৯৩/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫৮,৫৭৫/- | -ঐ- |
| ৬। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৫/ডি (২য় তলা- দক্ষিণ পার্শ্ব) ফ্ল্যাট নং-০৭ মেরামত ও রংকরণ কাজ। | ৬২,২৩৫/- | মেসার্স হাবিব ট্রেডিং | ৬৫,২২২/২৮ | -ঐ- |
| ৭। | সশস্ত্র বাহিনী দিবস ২০১৩ উপলক্ষ্যে জরুরী ভিত্তিতে শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তায় জেব্রা ক্রসিং ইউটার্ন তার, স্লো স্টপ ও রোড ডিভাইডার ইত্যাদি কাজ। | ৪৪,০৫১/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৪৬,২৩১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৮। | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক শহীদ সরণি এবং স্বাধীনতা সরণিতে স্থাপিত নিরাপত্তা বাতির যেসকল বৈদ্যুতিক পোল বাকা তা সোজাকরণ এবং ০৯টি সোডিয়াম লাইটের ব্রাকেট স্থাপন কাজ। | ১,৫৭,৪০৭/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,৫৭,৪০৭/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলোর মধ্যে ক্রমিক নং-৩ ব্যতীত অন্যান্য কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ২, ৪, ৫, ৬ ও ৭ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-৩ এ উল্লেখিত প্রকল্পের নতুন ও পুরাতন ভবনের সংযোগ সেতু ব্যতীত অন্যান্য কাজের দর অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৩ সহ অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৪ঃ ০৪ মার্চ ২০১৪ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-২৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে লালাসরাই মৌজার সিবি-২৮৭/৩ নং প্লটে যাতায়াতের জন্য সাইট নকশা অনুযায়ী রাস্তা ব্যবহারের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে সরেজমিন পরিদর্শন করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

(১) ক্যাপ্টেন সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), পিএসসি, বিএন অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস -- সভাপতি

(২) ১ × কর্মকর্তা, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সদস্য

(৩) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

(৪) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-১৫ঃ মহাখালী ডিওএইচএস এলাকার পাম্প গেটে ০১টি ও পার্কের বাহিরে দেয়াল সংলগ্ন দক্ষিণ-পূর্ব কর্ণারে ০১টি অর্থাৎ মোট ০২টি পাবলিক ইউরিনাল জনসাধারণের জন্য ডিওএইচএস পরিষদ এর নিজস্ব অর্থায়নে নির্মাণ প্রসংগে মহাখালী ডিওএইচএস পরিষদের ১৫ মার্চ ২০১৪ তারিখের ডিওএইচএস-মহা/১১৭/১৪ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে মহাখালী ডিওএইচএস পরিষদ এর নিজস্ব অর্থায়নে ০২টি স্বাস্থ্য সম্মত পাবলিক ইউরিনাল স্থাপনের অনুমতি প্রদানের নীতিগত সিদ্ধান্ত গৃহীত হলো। তবে নির্মাণের পূর্বে ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদন করে নিতে হবে।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা সেনানিবাসস্থ বনানী ডিওএইচএস এলাকার ২৮/এ-১ নং প্লটে অননুমোদিতভাবে ০৫(পাঁচ) তলার উপর ০৬(ছয়) তলা নির্মাণের বিষয়ে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ মার্চ, ২০১৪ তারিখের ৬০৫/২/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে এ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক বিষয়ে বাড়ীর মালিক এবং অভিযোগকারীর শুনানী গ্রহণ এবং প্রকৌশলী শাখা কর্তৃক সরেজমিন পরিদর্শন প্রতিবেদন আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৪/৮ নং প্লটে নির্মিত ভবন এবং ভবনকে গার্মেন্টস শিল্প কারখানা হিসেবে ব্যবহার উপযোগী সনদ প্রদানের বিষয়ে দাখিলকৃত ১০ মার্চ, ২০১৪ তারিখের প্রতিবেদন এবং নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অবলোকন করা হলো। উক্ত প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় মেরামত/সংস্কার পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য আবেদনকারীকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। সংস্কারের পর ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রত্যয়ন প্রদান করা হলে উক্ত প্রত্যয়নের আলোকে সংশোধিত নকশা দাখিল করা হলে এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, কারিগরী ভেটিং বাবদ এমআইএসটির যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্লট মালিক/আবেদনকারীকে বহন করতে হবে।

আলোচ্যসূচী-১৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড (ব্রডওয়ে বিল্ডিং) হতে সিগন্যাল গেইট পর্যন্ত রিকশা রোড সংস্কারসহ পুনঃ কার্পেটিং কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড (ব্রডওয়ে বিল্ডিং) হতে সিগন্যাল গেইট পর্যন্ত রিকশা রোড সংস্কারসহ পুনঃ কার্পেটিং কাজের নিম্নবর্ণিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ব্রডওয়ে বিল্ডিং হতে সেনা কেন্দ্রীয় মসজিদের আউট গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৬,৯৭,৯৮২/- | অনুদান |
| ২। | সেনা কেন্দ্রীয় মসজিদের আউট গেইট হতে অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১১,১৮,২৫৫/- | অনুদান |
| ৩। | অফিসার্স ক্লাবের প্রবেশ রাস্তা হতে আর্মি এমপি ইউনিটের ইন গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৪,৮১,৭৮৭/- | অনুদান |
| ৪। | আর্মি এমপি ইউনিটের ইন গেইট হতে ভাষাণটেক রাস্তার প্রবেশ মুখ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৩,২২,৩৩৩/- | অনুদান |
| ৫। | ভাষাণটেক রাস্তার প্রবেশ মুখ হতে সিএমএইচ গার্ডরুমের দক্ষিণ অংশ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১১,১০,৯৩০/- | অনুদান |
| ৬। | সিএমএইচ গার্ডরুমের দক্ষিণ অংশ হতে নির্মাণাধীন ফুটওভার ব্রিজ পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১০,৯৮,৫৭৩/- | অনুদান |
| ৭। | সিএমএইচ নির্মাণাধীন ফুটওভার ব্রিজ হতে ফ্লাইওভার পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৪,৫৫,৫৪৪/- | অনুদান |
| ৮। | ফ্লাইওভার হতে অফিসার্স মেস পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৪,৮৬,৩০১/- | অনুদান |

| | | | |
|---|---|---|---|
| ৯। | অফিসার্স মেস হতে সিগন্যাল গেইট পর্যন্ত পশ্চিম পার্শ্বের রিকশা লেন মেরামত ও পুনঃকার্পেটিং। | ১৩,৪৯,৪৯৬/- | অনুদান |

কাজগুলো জরুরী বিধায় প্রয়োজনীয় অনুদান বরাদ্দসহ মূল্যানুমানগুলো চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা সেনানিবাসস্থ ধামালকোট প্রজেক্ট এলাকায় বৃক্ষরোপণ ও পরিচর্যা কাজের জন্য দরপত্র আহ্বান করা হলে গার্ডেন সেন্টার, বাড়ী#২৪৮, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৯,৯৯,৯০০/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের নিজস্ব আয়ের উৎস হতে সংকুলান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ ধামালকোট প্রজেক্ট এলাকায় বৃক্ষরোপণ ও পরিচর্যা কাজের জন্য গার্ডেন সেন্টার, বাড়ী#২৪৮, রোড#১৯, ধানমন্ডি, ঢাকা কর্তৃক প্রদত্ত ১৯,৯৯,৯০০/- (উনিশ লক্ষ নিরানব্বই হাজার নয়শত) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২০ঃ গত ২৮/১০/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন এ্যাম্বুলেন্সটি মাইক্রোবাসে রূপান্তরের সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে দরপত্র আহ্বান করা হলে মেসার্স সাকিব এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ৬৯,৮৫০/- (উনসত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত (চ-১-খ) হতে সংকুলান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন এ্যাম্বুলেন্সটি মাইক্রোবাসে রূপান্তরের নিমিত্তে মেসার্স সাকিব এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত ৬৯,৮৫০/- (উনসত্তর হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত (চ-১-খ) হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত ০৭(সাত)টি ট্রাকের টায়ার ক্রয়ের নিমিত্তে ১,৮৭,০০০/- (এক লক্ষ সাতাশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ময়লা সংগ্রহ এবং অপসারণ কাজে নিয়োজিত ০৭(সাত)টি ট্রাকের টায়ার ক্রয়ের নিমিত্তে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ১,৮৭,০০০/- (এক লক্ষ সাতাশি হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | গাড়ী নম্বর | টায়ার | সাইজ | দর | মোট টাকা | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ | ০২ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ | বিএএফ কুর্মিটোলা |
| ২। | ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ | ০২ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ | বিএটিসি |
| ৩। | ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ | ০২ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ | চ-৪-খ (সাধারণ) |
| ৫। | ঢাকা মেট্রো-অ-১১-০৩৫২ | ০২ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ | চ-৯-আ (আর্মি) |
| ৬। | ঢাকা মেট্রো-অ-১৪-১৫২১ | ০২ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ৩৪০০০.০০ | ঐ |
| ৭। | ঢাকা মেট্রো-অ-১৪-১১৬৩ | ০১ টি | ৭-৫০-১৬ | ১৭০০০.০০ | ১৭০০০.০০ | ঐ |

আলোচ্যসূচী-২২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৯/সি নং প্লট বিভাজন করে নতুন হোল্ডিং নম্বর প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট প্লট মালিক জনাব নাজমুল ইসলাম চৌধুরীর ০৩ এপ্রিল, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮৩০০ বর্গফুট (১১.৫২৭) কাঠা জমি বিশিষ্ট ৪৯/সি নং প্লটটির রেকর্ডীয় মালিক জনাব এন আই চৌধুরী। উক্ত প্লটটির ৬ কাঠা জমির উপর ০৭ তলা বাড়ী নির্মাণ করার জন্য অত্র দপ্তরের ৩১/১/২০১৩ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৪৯/সি/ক্যাঃবাঃএঃ/২৭ নং পত্রে নকশা অনুমোদন করা হয়েছে। যেহেতু প্লট বিভাজনের পূর্বে উক্ত প্লটে একটি ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়েছে, সেহেতু বিভাজন নীতিমালা অনুযায়ী প্লটটি প্রথমে বিভাজন করে বিভাজিত প্লটে সংশোধিত নকশা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। প্লট বিভাজনের পর সংশোধিত নকশা দাখিল করার জন্য আবেদনকারীকে অনুরোধ জানানো হোক। এছাড়াও নির্মাণাধীন ভবনে কোন অননুমোদিত নির্মাণ থাকলে তা দ্রুত অপসারণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক। প্লট বিভাজনের চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ মিরপুর ডিওএইচএস হতে বাউনিয়া প্রজেক্টের সংযোগ স্থানে গেইট নির্মাণ প্রসংগে আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট, প্রযত্নেঃ সেনাসদর, এজি শাখা, কল্যাণ ও পুনর্বাসন পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৯ মার্চ, ২০১৪ তারিখের ৪৭২৫/১/বাউনিয়া নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে নীতিগতভাবে গেইট নির্মাণ করার প্রস্তাব অনুমোদন করা হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় প্রস্তাবকারী কর্তৃপক্ষ বহন করবে। বিষয়টি সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ গত ০৪ মার্চ, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটের ০৫(পাঁচ) বছর মেয়াদী টিনসেড ব্লকের ৩০টি এবং কর্মকার ব্লকের ১৫টি দোকান পুনঃবরাদ্দের বিষয়ে গঠিত কমিটির সুপারিশ আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ কমিটি কর্তৃক দালিখকৃত সুপারিশমালা পর্যালোচনান্তে জানা যায় যে, টিনসেড ব্লকের ৩০টি দোকান প্রস্তাবিত আধুনিক মার্কেটের ১ম ধাপের এলাকার বাহিরে এবং কর্মকার ব্লকের ১৫টি দোকান ১ম ধাপের এলাকার মধ্যে পড়েছে। বিস্তারিত আলোচনান্তে টিনশেড ব্লকের ৩০টি দোকান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সালামীতে ০২(দুই) বছরের জন্য এবং কর্মকার ব্লকের ১৫টি দোকান ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে ০১(এক) বছরের জন্য ইতোপূর্বের ইজারা গ্রহীতাগণের নিকট পুনঃইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ মিরপুর ডিওএইচএস এর অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ২৬ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ২৬ নং দোকানটি ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হস্তান্তর ফি এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা নামজারী ফি পরিশোধ সাপেক্ষে ইজারার সকল শর্ত ও নিয়ম-কানুন বহাল রেখে ব্রিগেডিয়ার জেনারেল মোস্তফা আমিনুল ইসলাম (অবঃ) এর নিকট হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ইজারার হাল নাগাদ কিস্তি পরিশোধিত থাকতে হবে।

আলোচ্যসূচী-২৬ঃ বনানী ডিওএইচএস এর ৩১ এবং ৩১/এ নং বাড়ী নির্মাণের নিমিত্তে রাস্তার ক্ষতিপূরণ বাবদ জমাকৃত ৮,৪৯,৮২৫/- টাকা ফেরত প্রদানের জন্য বাড়ীর মালিকগণের পক্ষে মিসেস খুরশিদা নেছার ০৭/১/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এর প্লট নং-৩১ এর জমির পরিমাণ ১২.৫০ কাঠা। উত্তরাধিকারসূত্রে উক্ত প্লটের মালিক ০৭(সাত) ভাই-বোনের নামে যৌথভাবে বাড়ী নির্মাণ করার জন্য গত ২৫/২/২০১০ তারিখে অত্র দপ্তরে নকশা দাখিল করেন। সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৫তম সভার আলোচ্যসূচী-৫ এর সিদ্ধান্ত মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ বাবদ ৮,৪৯,৮২৫/- (আট লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত পঁচিশ) টাকা জমা করার জন্য গত ২৭/৬/২০১০ তারিখে অত্র দপ্তর হতে পত্র দেয়া হয়। পরবর্তীতে মালিকগণ কর্তৃক ২৯/৫/২০১১ তারিখে রাস্তার ক্ষতিপূরণের টাকা অত্র দপ্তরে জমা করা হলে নকশা অনুমোদন করা হয়। পরবর্তীতে উক্ত প্লটটি বিভাজন করে ভাই-বোন বাড়ী নির্মাণ কাজ শুরু করেন। ১৮/১০/২০১২ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫২তম সভার আলোচ্যসূচী-৪(ক) এর মাধ্যমে প্লট মালিক নিজে বাড়ী করলে রাস্তার ক্ষতিপূরণ দিতে হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে বাড়ীর মালিকগণের পক্ষে মিসেস খুরশিদা নেছা গত ০৭/১/২০১৪ তারিখের আবেদনে রাস্তার ক্ষতিপূরণ বাবদ ২০১১ সালে জমাকৃত অর্থ ফেরত দেয়ার জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৫২তম সভার সিদ্ধান্ত মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ বাবদ জমাকৃত ৮,৪৯,৮২৫/- (আট লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত পঁচিশ) টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৭ঃ ০১ বৈশাখ, ১৪২১ উদ্‌যাপন উপলক্ষে সাজসজ্জা বাবদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ০১ বৈশাখ, ১৪২১ উদ্‌যাপন উপলক্ষে সাজসজ্জা বাবদ ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা সংক্রান্ত নীতিমালা প্রণয়নের জন্য কমিটি গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা সংক্রান্ত একটি নীতিমালা ইতোমধ্যে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং সে মোতাবেক হাসপাতাল পরিচালনা করা হচ্ছে। হাসপাতাল পরিচালনার নীতিমালাটি সংশোধনের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | মেজর মোঃ ফেরদৌস আলম সরকার<br>ভারপ্রাপ্ত স্টেশন হেল্‌থ অফিসার, ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ১×অফিসার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | ১ × অফিসার, ডিজিএমএস, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | ১× অফিসার, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর। | -- | সদস্য |
| (৫) | ১ × মেডিক্যাল অফিসার, সিরাজ-খালেদা মেমোঃ ক্যান্টঃ বোর্ড জেনাঃ হাসপাতাল। | -- | সদস্য |
| (৬) | সহকারী সচিব, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৭) | হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

কমিটি কর্তৃক হাসপাতাল পরিচালনার নীতিমালা সংশোধনের প্রস্তাবসমূহ স্বল্পতম সময়ের মধ্যে বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯ বিবিধ-১ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ৩৪ নং রোড সংলগ্ন পার্কে ঢাকা ওয়াসা কর্তৃক প্রস্তাবিত গভীর নলকূপ বসানোর জন্য জায়গা প্রদান প্রসংগে ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌলী, মড্‌স জোন-৫ এর ০৮/৪/২০১৪ তারিখের ৪৬.১১৩.৪০৯.০০.০০.১২১৪/২০১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকার পানির চাহিদা পূরণের জন্য গভীর নলকূপ স্থাপনের প্রস্তাব গৃহীত হলো। স্থান নির্বাচনের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯ বিবিধ-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এলাকার ১১ নং রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (এ্যাসফাল্ট প্লান্ট)। | ২২,৭৩,৭৩৭/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ২। | মহাখালী ডিওএইচএস এলাকার ১১ নং রোডের উভয় পার্শ্বে ড্রেনসহ ফুটপাত নির্মাণ। | ১৮,৪৯,৩০৬/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ৩। | মহাখালী ডিওএইচএস এলাকার ২০ নং রোড প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ (এ্যাসফাল্ট প্লান্ট)। | ৮৫,১১,০৪৬/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | মহাখালী ডিওএইচএস এলাকার ২০ নং রোডের রাস্তার উভয় পার্শ্বে ড্রেনসহ ফুটপাত নির্মাণ। | ৫৮,০২,৫২০/- | মহাখালী ডিওএইচএস বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৯ বিবিধ-৩ঃ কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৩৪/৪ নং কমার্শিয়াল বিল্ডিংয়ে গার্মেন্টস ফ্যাক্টরীর উৎপাদন কার্যক্রম চালানোর বিষয়ে অনাপত্তি পত্রের জন্য আনোয়ার হোসেন চৌধুরী, ব্যবস্থাপনা পরিচালক, এ জে ফ্যাশন্স লিঃ এর ৩০ মার্চ, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২১ এর মাধ্যমে একই বিষয়ে গঠিত কমিটি কর্তৃক ভবনটি সরেজমিন পরিদর্শন করতঃ কমিটির মতামতসহ ভবনের স্ট্রাকচারাল নকশা ও আনুষঙ্গিক কাগজাদি এমআইএসটি'র ভেটিং এর জন্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি থেকে এ বিষয়ে মতামত প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, এমআইএসটি'র কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিক/ফ্যাক্টরীর মালিককে বহন করতে হবে।

২৯ বিবিধ-৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৪ নং রোডের স্টাফ কোয়ার্টার নং ৯৭/এ এর পুরাতন পানির লাইন পরিবর্তন করে নতুন পানির লাইন সরবরাহ ও স্থাপন কাজ। | ৪২,০৭৪/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৪২,০৭৪/- | মেরামত ও রক্ষনাবেক্ষণ |
| ২। | ঢাকা সেনানিবাসের মান্নান লাইন এলাকায় বাসস্থান নং-১০৭, ১০৮, ১০৯, ১১০ এর সামনে শিশুদের বিনোদনের জন্য খেলনা সামগ্রী স্থাপন কাজ। | ১,১০,৭৬৩/- | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ১,১৬,২৯০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৩। | ঢাকা সেনানিবাসের আর্মি এমপি ইউনিট এবং ১৩ এমপি ইউনিটের নিয়ন্ত্রণাধীন শহীদ সরণির রোড ডিভাইডারসমূহ আটকানোর রশি এবং নিয়মাবলী সম্বলিত সাইনবোর্ডগুলি রং করার জন্য রং ক্রয়করণ কাজ। | ৯২,৫০০/- | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৯৭,০২৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৯ বিবিধ-৫ঃ ব্রিটিশ আমেরিকান ট্যোবাকো বাংলাদেশ এর ০৫টি ভবন সম্প্রসারণ করার নকশা অনুমোদনের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ২৬ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের মতামত গ্রহণ সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৯ বিবিধ-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | (ক) লেঃ কর্নেল শওকত ইকবাল<br>(খ) লেঃ কর্নেল রবিউল মতিন চৌধুরী | ৭০৯<br>৭১০ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা ভবন (ফাউন্ডেশন পরিবর্তন সংক্রান্ত বিষয়ে এমআইএসটির ভেটিং প্রসংগে) |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এর ৭০৯ ও ৭১০ নং প্লটে যৌথভাবে বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নকশা অনুমোদন করা হয়। প্লট মালিকগণের আবেদন এবং মিরপুর ডিওএইচএস পরিষদ আর্বিট্রেশন কমিটির ২৮/৬/২০১৩ তারিখের পত্রে অনুমোদিত নকশার স্ট্রাকচারাল ডিজাইনের ব্যত্যয় ঘটিয়ে ৭৪টি পাইলের স্থলে ৫৮টি পাইল স্থাপন করা হয়েছে মর্মে অত্র দপ্তরকে অবহিত করা হয়েছে। গত ২৭/৩/২০১৪ তারিখে প্লট মালিকগণ সংশোধিত নকশা অনুমোদনের জন্য অত্র দপ্তরে দাখিল করেছেন। বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৭০৯ ও ৭১০ নং প্লটের সংশোধিত নকশা এমআইএসটি'র কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটির কারিগরী ভেটিং বাবদ যাবতীয় ব্যয় প্লট মালিকগণকে বহন করতে হবে।

২৯ বিবিধ-৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের অবৈধ দখল প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ফুটপাত/খোলা জায়গা/বিভিন্ন দোকানের সম্মুখস্থ উন্মুক্ত স্থান দখল করে দোকান/ব্যবসা পরিচালনা করা হচ্ছে। যার ফলে ক্রেতা সাধারণের চলাচল বিঘ্নিত হওয়াসহ মার্কেটের স্বাভাবিক পরিবেশ নষ্ট হচ্ছে। বিস্তারিত আলোচনান্তে অবৈধভাবে রাস্তায় ভাসমান দখলকারীদের ১,০০০/- (এক হাজার) টাকা এবং ইজারা প্রদত্ত দোকানসমূহ তাদের নিজ দোকানের সামনে স্থান দখল করে মালামাল রাখলে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া একই অপরাধ একাধিকবার করলে ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানাসহ দোকান বরাদ্দ বাতিল করা হবে। বিষয়টি রজনীনন্ধা সুপার মার্কেটের বাজার কমিটিসহ দোকান মালিক/ব্যবসায়ীদের অবহিত করার ব্যবস্থা নিতে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | |
|---|---|
| ২৩.০৪.২০১৪ | ২৩/৪/২০১৪ |
| **( মোঃ রেজাউল ইসলাম )** | **(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)** |
| সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড | প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড |
| ও | ও |
| ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | স্টেশন কমান্ডার |
| ঢাকা ক্যান্টনমেন্ট। | ঢাকা সেনানিবাস। |